

১১/১১/১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৭১.২০১২-২৭৮

.০৭.১৪১৯ বঙ্গাব্দ

তারিখঃ ১১.১১.২০১৩ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ সৈয়দ নজরুল ইসলাম (৪১৮৬৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর ও প্রেষণে বাংলাদেশ ইনস্টিটিউট অব চাইল্ড হেলথ, ঢাকা-কে সৌদি আরবের স্বাস্থ্য মন্ত্রণালয়ে চাকরি করার জন্য ২২.০৬.২০০৪ তারিখের আদেশে ০১ বছরের লিয়েন মঞ্জুর করা হয়। সে মোতাবেক তিনি গত ২২.০৬.২০০৪ তারিখে ছাড়পত্র গ্রহণ করেন। পরবর্তীতে তার অনুকূলে সর্বশেষ গত ১০.০৬.২০০৮ তারিখ পর্যন্ত লিয়েন বর্ধিত করা হয়। ডাঃ সৈয়দ নজরুল ইসলাম (৪১৮৬৫) তার লিয়েনের মেয়াদ বৃদ্ধির জন্য পরবর্তীতে আবেদন করলে তা নামঞ্জুর করা হয় এবং তিনি লিয়েন ব্যতিত ১১.০৬.২০০৮ তারিখ হতে ২৩.০৭.২০১২ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন;

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক হওয়ায় বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি আপনা আপনি অবসান ঘটেছে ;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ জারির প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন ;

একই সাথে, বিএসআর (পার্ট-১)-এর বিধি-৩৪ মোতাবেক ডাঃ সৈয়দ নজরুল ইসলাম (৪১৮৬৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর ও প্রেষণে বাংলাদেশ ইনস্টিটিউট অব চাইল্ড হেলথ, ঢাকা এর চাকুরি অবসান (Ceased) করা হল। এ আদেশ ডাঃ সৈয়দ নজরুল ইসলাম (৪১৮৬৫) এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫ বছর পূর্ণ হওয়ার পরদিন ২২.০৬.২০০৯ তারিখ হতে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
(স্বাক্ষর)  
১৬.১১.১৩  
(এম. এম. নিয়াজউদ্দিন)  
সচিব

উপ-সচিব  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
৩৩৩গাও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৭১.২০১২-২৭৮

.০৭.১৪১৯ বঙ্গাব্দ

তারিখঃ ১১.১১.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। ডাঃ সৈয়দ নজরুল ইসলাম (৪১৮৬৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর ও প্রেষণে বাংলাদেশ ইনস্টিটিউট অব চাইল্ড হেলথ, ঢাকা (যোগাযোগ ঠিকানাঃ ৫৪৩/১ পূর্ব কাজীপাড়া, মিরপুর, ঢাকা)

(মোঃ সাইদুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)